

মন্ত্রী
অধিকারী
কর্মসূচি পরিকল্পনা
অনুমতি প্রদান করেন
তারিখ: ১৪/৮/২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
(স্থানীয় সরকার শাখা)
(www.bogra.gov.bd)

শেষ দায়িত্বের মূল্যায়িত
প্রাপ্ত শহরের উর্ধ্বত

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০১০.৪৮.০৪১.২৩. ১৫৪

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১০ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধকল্পে জেলা কমিটির সভার কার্যবিদ্রগী:

সভাপতি: জনাব মোঃ সাইফুল ইসলাম
জেলা প্রশাসক, বগুড়া
তারিখ: ১৬ জুলাই ২০২৩ খ্রি:
সময়: বেলা ১১:১৫ ঘটকা
স্থান: জেলা প্রশাসক, বগুড়ার সভাকক্ষ ‘করতোয়া’

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট ‘ক’


সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বঙ্গেন দিনদিন ডেঙ্গুর প্রভাব বৃদ্ধি পাচ্ছে। ডেঙ্গু নিয়ন্ত্রণে সকলকে অগ্রণি ভূমিকা পালন করতে হবে। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া ও সদস্য-সচিব সভায় আলোচ্য বিষয় উপস্থাপন করেন। তিনি সভায় মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পর্যটন উন্নয়ন ও সমৰায় মন্ত্রণালয়-এর সভাপতিতে ৩০ অক্টোবর ২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিদ্রগী এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীর ২০ নভেম্বর ২০২২ খ্রি: তারিখের ৮৫০ নম্বর পত্র পাঠ করে শোনান। বর্ধিত সভার কার্যবিদ্রগী অনুযায়ী স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সাধ্যমে এ জেলায় ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে গঠনমূলক বক্তৃত্ব ও পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হয়।

সভায় বগুড়া জেলায় ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধকল্পে নিম্নোক্তভাবে বিস্তারিত আলোচনাট্টে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|------|--|---|---|
| ১ | ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ। | ১। ডেঙ্গুর প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে রাখার স্বার্থে উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। ২। এডিস মশা জন্মানোর সকল স্থানে পৌরসভার ওয়ার্ড ভিত্তিক নিয়মিত লার্ভিসাইড ও এডাল্টসাইড প্রয়োগ করতে হবে। ৩। প্রতিটি পৌরসভায় কুইক রেসপন্স টিম প্রস্তুত রাখতে হবে। ৪। ডেঙ্গু আক্রান্ত রোগীর সেবায় হাসপাতালসমূহে পর্যাপ্ত শব্দ্যা ও চিকিৎসক প্রস্তুত রাখতে হবে। একইসাথে যথাযথ চিকিৎসা প্রদান করতে হবে। ৫। জনসাধারণকে মশাবাহিত রোগ ও স্বাস্থ্য বিষয়ক পরামর্শ প্রদান করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) ২। মেয়ার, সকল পৌরসভা ৩। সিডিল সার্জন, বগুড়া ৪। সিনিয়র জেলা তথ্য অফিসার, বগুড়া |
| ২ | পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ। | ১। মশা জন্মানোর সকল স্থান ডেন, নালা, খাল, জলাশয় পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কর্তৃক পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ২। বসতবাড়ি/ সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান/ শিক্ষা প্রতিষ্ঠানের চারপাশে পরিষ্কার-পরিচ্ছন্নতা রাখতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) ২। মেয়ার, সকল পৌরসভা ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |

| | | | |
|---|---------------------------------------|---|--|
| ৩ | প্রচার ও জনসাধারণকে এবিষয়ে অবহিতকরণ। | ১। বসতবাড়ি/সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান/ শিক্ষা প্রতিষ্ঠানের চারপাশে মশা বিস্তারের স্থানসমূহ সম্পর্কে জনসাধারণকে অবহিত করতে হবে। ২। এ কার্যক্রমে জনগণকে সম্পৃক্তকরণ ও উদ্বৃক্তকরণে স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক ব্যপক প্রচারের জন্য মাইক্রো, লিফসেট বিতরণসহ মসজিদের ইমামগণের মাধ্যমে খুৎবায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) ২। মেয়র, সকল পৌরসভা ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) ৪। মিনিয়র জেলা স্থানীয় অফিসার, বগুড়া ৫। ডিডি, ইসপামিস্ট ফাউন্ডেশন, বগুড়া |
| ৪ | ট্যাগ অফিসার নিয়োগ। | ১। ডেঙ্গু রোগী চিহ্নিত হলে তার যথাযথ চিকিৎসা প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে পৌরসভায় ওয়ার্ড ভিত্তিক এবং উপজেলায় ইউনিয়ন ভিত্তিক একজন করে কর্মকর্তাকে ট্যাগ অফিসার হিসেবে নিয়োগ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(নোঃ সাইফুল ইসলাম)

জেলা প্রশাসক

বগুড়া

টেলিফোন: ০২৫৮৯৯০০০২০ (অফিস)


ই-মেইল: dcbojura@mopa.gov.bd

স্বারক নম্বর: ০৫.৫০.১০০০.০১০.৪৮.০৮১.২৩. ৫৮৮ (১৩)

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
২৫ জুন ই ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জাতার্থে/জাতার্থে ও কার্যার্থে:

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী
- ৩। পুলিশ সুপার, বগুড়া
- ৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, বগুড়া
- ৫।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল), বগুড়া
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া
- ৮। মেয়র, পৌরসভা (সকল), বগুড়া
- ৯। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বগুড়া



২০/০৭/১৩৬

(মাসুম আলী বেগ)

উপপরিচালক

স্থানীয় সরকার, বগুড়া

টেলিফোন: ০২৫৮৯৯০০০৫০